

তারিখ: ৩০/০৮/২০২৬ খ্রি.

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬ মোতাবেক সকল কার্যক্রম অনলাইন প্রাটফর্মে (www.xiclassadmission.gov.bd) সম্পন্ন করতে হবে। বোর্ড কর্তৃক অনুমোদিত মেধাক্রম তালিকা ও ভর্তি সংক্রান্ত তথ্য কলেজের ওয়েবসাইট (www.rangamaticollege.gov.bd) এবং নোটিশ বোর্ডে যথাসময়ে প্রকাশ করা হবে।

শর্তাবলী:

১. আবেদনের যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:

- ১.১ ২০২৪, ২০২৫ ও ২০২৬ সালের যে কোন শিক্ষা বোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন যোগ্য।
- ১.২ বিদেশি কোন বোর্ড থেকে সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক সনদের মান নির্ধারণের পরে দফা ১.১ এর অধীনে আবেদন যোগ্য।
- ১.৩ আবেদনের জন্য ন্যূনতম জিপিএ: বিজ্ঞান গ্রুপে- জিপিএ ৪.০০, ব্যবসায় শিক্ষা গ্রুপে- ৩.৫০ এবং মানবিক গ্রুপে- ৩.৫০ প্রাপ্ত হতে হবে।
- ১.৪ নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে:
 - (ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;
 - (খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;
 - (গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপের যে কোন একটি;
 - (ঘ) মাদরাসা বোর্ডের বিজ্ঞান গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপের যে কোন একটি;
 - (ঙ) কারিগরি শিক্ষা বোর্ড থেকে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা বোর্ডের যে কোন বিভাগে আবেদন করবে।

২. রাঙ্গামাটি সরকারি কলেজ EIIN: 107818

৩. বোর্ড কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা: বিজ্ঞান গ্রুপ-৩৩০, মানবিক গ্রুপ- ৪১৮, ব্যবসায় শিক্ষা- ৩৬০।

৪. প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:

- ৪.১ ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল এসএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে।
- ৪.২ মোট আসনের ৯৩% আসন মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারী সন্তানের জন্য শিক্ষা কোটায় ১% দত্ত/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী সন্তানের জন্য শিক্ষা কোটায় ১%, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানের জন্য ৫% সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটা সনাক্তকরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দপ্তর প্রধান অথবা মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।
৫. অনলাইনে ২২০/- (দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রয়োজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রম ভিত্তিতে একটি কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।
৬. ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত সিডিউল:

ক্রম নং	বিবরণ	তারিখ
৬.১	ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নের জন্য যারা আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)	০২/০৯/২০২৬ থেকে ১০/০৯/২০২৬
৬.২	পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	১২/০৯/২০২৬ থেকে ১৩/০৯/২০২৬
৬.৩	পছন্দক্রম পরিবর্তনের সময়	১২/০৯/২০২৬ থেকে ১৩/০৯/২০২৬
৬.৪	নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	১৭/০৯/২০২৬
৬.৫	শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (নিশ্চায়ন না করলে নির্বাচন ও আবেদন বাতিল হবে) শিক্ষাবোর্ড ফি ৩৪০/-	নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৯/০৯/২০২৬
৬.৬	ভর্তির সময়	২০/০৯/২০২৬ থেকে ২২/০৯/২০২৬
৬.৭	ক্লাস শুরু	২৩/০৯/২০২৬


*** কলেজের ছাত্রীনিবাসে ছাত্রীদের থাকার জন্য সুব্যবস্থা রয়েছে।

*** রাউজান, লিচুবাগান, কুতুবছড়ি ও রাঙ্গামাটি শহরের শিক্ষার্থীদের জন্য পরিবহন ব্যবস্থা রয়েছে।

প্রয়োজনে: ১। জনাব কিরন ময় চাকমা, সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা)- মোবাইল ০১৫৫৬৫৯৪১২৫

২। জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, সহকারী অধ্যাপক (ইংরেজি)- মোবাইল ০১৮১৭২২২৫৮১

৩। জনাব আসিফ আরাফাত, প্রভাষক (হিসাববিজ্ঞান)- মোবাইল ০১৫১৫২২২৬২১


(প্রফেসর ডাঃ মোহাম্মদ নাসিমুল হক)

অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


(প্রফেসর অনূপ কুমার বড়ুয়া)

আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি (২০২৬-২০২৭) কমিটি
রাঙ্গামাটি সরকারি কলেজ

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। আহ্বায়ক একাদশ শ্রেণি ভর্তি (২০২৬-২০২৭) কমিটি, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৬। সংরক্ষণ নথি।